



স্মারক নং বিএসএমআরএমইউ/মেডি/৩১৫/২০/ ৯৪৩

তারিখঃ ৩০ মে ২০২০

অফিস আদেশ- ৭৭/২০২০

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে করণীয় প্রসঙ্গে।

১। মন্ত্রীপরিষদ কর্তৃক দেয়া প্রজ্ঞাপন অনুযায়ী, সকল সরকারি / আধাসরকারী / স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড ১৯ এর বিস্তার রোধে ও পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে অফিস খোলার পর সকলের স্বার্থে কিছু নির্দেশনা মেনে চলা প্রয়োজন।

২। করোনা ভাইরাস প্রতিরোধে অফিস খোলার পর নিম্নের নির্দেশনা মেনে চলতে হবেঃ

- ক। প্রত্যেককে মাস্ক ব্যবহার করতে হবে।
- খ। গণপরিবহন ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- গ। একজন থেকে আরেকজনের শারীরিক দূরত্ব কমপক্ষে ৩ ফুট রাখতে হবে।
- ঘ। প্রতিষ্ঠানের প্রবেশপথে সাবান দিয়ে হাত ধুয়ে নন- কন্টাক্ট থার্মোমিটার দিয়ে তাপমাত্রা ও স্বাস্থ্যের অবস্থা পর্যবেক্ষণ করিয়ে ঢুকতে হবে। যাদের শরীরের তাপমাত্রা বেশি পাওয়া যাবে, তাদেরকে প্রবেশে নিষেধ করতে হবে।
- ঙ। সর্বসাধারণ কর্তৃক ব্যবহৃত হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও ঘরের দরজার হাতল, সিঁড়ির হাতল এবং যেসব বস্তু বারবার ব্যবহৃত হয় সেসব বস্তুর তলপৃষ্ঠ ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।
- চ। প্রতিদিন প্রতিষ্ঠানের চত্বরের আবর্জনা পরিষ্কার এবং আবর্জনা সংরক্ষণকারী পাত্র জীবাণুমুক্ত করতে হবে।
- ছ। অফিস কার্যালয়ে কাগজের সীমিত ব্যবহারকে উৎসাহিত করতে হবে।
- জ। অফিসকর্মীদের পারস্পরিক শারীরিক যোগাযোগ কমানো এবং প্রয়োজন ব্যতীত নিজ কর্মস্থল ছেড়ে অযথা অন্যত্র ঘোরাঘুরি বন্ধ রাখতে হবে।
- ঝ। স্বাভাবিক অবস্থা না আসা পর্যন্ত কোন প্রকার অভ্যন্তরীণ জমায়েত বা ক্রিয়াকলাপের আয়োজন করা যাবে না। যেকোনও বন্ধ বা ঘন জনবহুল স্থান বা অন্যের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগের ক্ষেত্রে নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ঞ। বহির্গমন কমিয়ে দিতে হবে।
- ট। ঘন ঘন ২০ সেকেন্ড সময় নিয়ে সাবান দিয়ে ভালোভাবে হাত ধোয়ার অভ্যাস করতে হবে।
- ঠ। হাঁচি দেওয়ার সময় মুখ এবং নাক ঢাকতে টিস্যু বা কনুই ব্যবহার করতে হবে।
- ড। প্রতিষ্ঠানের কারো মধ্যে কোভিড-১৯-এর সন্দেহভাজন কোন কেস থাকলে যারা এই কেসের সঙ্গে ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছেন, তাদের দূত শনাক্ত ও কোয়ারেন্টাইন-এর ব্যবস্থা করতে হবে।
- ঢ। প্রতিষ্ঠানে ব্যবহৃত যানবাহন সমূহকে নিয়মিত জীবাণুমুক্ত করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। করোনা ভাইরাসে আক্রান্ত না হওয়ার জন্য সতর্কতা স্বরূপ সকলকে উপরোক্ত করণীয়সমূহ যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো এবং যে কোন ধরনের জর দেখা দিলে মেডিক্যাল সেন্টারে রিপোর্ট করার আহ্বান জানানো হলো।

রেজিস্ট্রার মহোদয়ের নির্দেশক্রমে

ডাঃ সানিয়া রহমান
মেডিক্যাল অফিসার

৩০ মে ২০২০

कार्यः

सकल विभाग/दपुतर

अवगतिः

१। भाइस-च्यारसलर महोदय -सदय अवगतिर जन्य।

२। ट्रेजरार

३। रेजिस्ट्रार

४। सकल विभाग/दपुतर/शाखा

५। अफिस कपि।